



blast
ব্লাস্ট

christian
aid

নারীপক্ষ
NARIPOKKHO

forge

করোনাকালে পোশাক শিল্পের চ্যালেঞ্জ ও
শ্রমিকের সুরক্ষা : প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা

প্রথম আলো

“করোনাকালে পোশাক শিল্পের চ্যালেঞ্জ ও শ্রমিকের সুরক্ষা: প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা” শীর্ষক
ভার্চুয়াল অনুষ্ঠান”

তারিখ: ৪ সেপ্টেম্বর ২০২১। আলোচনা: বিকেল ৩:০০-৩:৩০ মি.

প্রগ্রামটি প্রথম আলো ফেসবুক এবং ইউটিউব এ প্রচার হবে।

<https://www.youtube.com/prothomalo>

প্রিয় সবাই,

আপনারা জানেন যে সজাগ প্রথম আলোর সাথে আজ ৪ সেপ্টেম্বর ২০২১ পলিসি ব্রিফ নিয়ে ‘সজাগ’ কোয়ালিশন ও প্রথম আলো যৌথভাবে “করোনাকালে পোশাক শিল্পের চ্যালেঞ্জ ও শ্রমিকের সুরক্ষা: প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা” শীর্ষক ভার্চুয়াল ‘মিডিয়া ক্যাফে’ আয়োজন করতে যাচ্ছে।

আমরা জানি যে কোভিড-১৯ মহামারী বাংলাদেশের অর্থনীতি, মানুষের জীবন-জীবিকা এবং পোশাক শিল্পখাতে চরম দুর্ভোগ নিয়ে এসেছে। করোনা পরিস্থিতিতে রপ্তানী আয়ের অন্যতম খাত পোশাক শিল্পকে সচল ও গতিশীল রাখতে ২০২০ সালে বাংলাদেশ সরকার তৈরি পোশাক রপ্তানী শিল্পের জন্য আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে।

কোভিড-১৯ পরিস্থিতিতে এই প্রণোদনা প্যাকেজ পোশাক শিল্পে শ্রমিকের জীবন-জীবিকার উপর কি প্রভাব ফেলেছে তা দেখার জন্য সজাগ কোয়ালিশনের পক্ষ থেকে গবেষণা পরিচালনাসহ বিভিন্নভাবে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। তারই ধারাবাহিকতায় সজাগ কোয়ালিশন ও সেন্টার ফর পলিসি ডায়ালগ-সিপিডি এর সাথে যৌথভাবে সমীক্ষা/গবেষণা, বিজিএমইএ/বিকেএমইএ এর সাথে সভা এবং জাতীয় দৈনিক দি বিজনেস স্ট্যান্ডার্ড (টিবিএস) এর মাধ্যমে কারখানা পর্যায়ের কিছু উত্তম চর্চা লিপিবদ্ধ করা হয়েছে। সজাগ কোয়ালিশন এবং প্রথম আলোর এই যৌথ উদ্যোগের উদ্দেশ্য হচ্ছে প্রণোদনা প্যাকেজ সম্পর্কে সংগৃহিত এ সকল তথ্য, অভিজ্ঞতা এবং আলোচনা জনসম্মুখে তুলে ধরা যাতে তৈরি পোশাক শিল্প খাতের জবাবদিহিতা জোরদার করা যায়।